



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

রাজশাহী কলেজ, রাজশাহী

e-mail: rajshahicollegebd@gmail.com, website: www.rc.gov.bd

online news portal: rcbarta.com, fax: 02588853145



স্মারক নম্বর: ৩৭.০২.৮১২২.১০১.২৪.১২০৫

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
১০ জুন ২০২৪ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

রাজশাহী কলেজের সকল শ্রেণির শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শিল্পকলা একাডেমির ব্যবস্থাপনায় 'শিল্পকলা প্রতিযোগিতা-২০২৪' কর্মসূচির অংশ হিসেবে জেলা শিল্পকলা একাডেমি, রাজশাহী'র আয়োজনে নিম্নে উল্লিখিত জেলা পর্যায়ের প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। উক্ত প্রতিযোগিতায় রাজশাহী কলেজের শিক্ষার্থীদের সক্রিয়ভাবে অংশগ্রহণের জন্য নির্দেশনা দেয়া হলো।

প্রতিযোগিতার বিষয়	বিভাগ ও শ্রেণি/বয়স
রবীন্দ্র সংগীত	একাদশ শ্রেণি থেকে স্নাতকোত্তর শ্রেণি পর্যন্ত বয়স সর্বোচ্চ ২৫ বছর
নজরুল সংগীত	
গণজাগরণের গান (দেশাত্মবোধক/ভাষার গান/ মুক্তিযুদ্ধভিত্তিক/বঙ্গবন্ধুকে নিয়ে গান/গণসংগীত)	
লোক সংগীত	
সাধারণ নৃত্য/সৃজনশীল নৃত্য	
শোকনৃত্য	
শাস্ত্রীয় নৃত্য	
একক আবৃত্তি (কবিতা/ছড়া)	
একক অভিনয়	
চিত্রাংকন (উন্মুক্ত)	

নিয়মাবলী:

- প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নিবন্ধন ফরম জেলা শিল্পকলা একাডেমি, রাজশাহীর অফিস থেকে বিনামূল্যে সংগ্রহ করে পূরণপূর্বক ১০/০৬/২০২৪ খ্রি: মধ্যে অফিস চলাকালীন জমা প্রদান করতে হবে। অধ্যয়নের শ্রেণি প্রমাণের জন্য প্রতিযোগীদের শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়ন ও বয়স প্রমাণের জন্য জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি এবং ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি নিবন্ধন ফরমে সংযুক্ত করতে হবে।
- একাধিক বিষয়ে অংশগ্রহণের জন্য আলাদা আলাদা ফরমে নিবন্ধন করতে হবে। একজন প্রতিযোগী তিনটির বেশি বিষয়ে অংশগ্রহণ করতে পারবে না। জেলা পর্যায়ে ১ম স্থান অর্জনকারী প্রতিযোগী জাতীয় পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করার সুযোগ পাবে।
- প্রতিযোগিতা অনুষ্ঠানের তারিখ ও সময় পরবর্তীতে জানিয়ে দেওয়া হবে।

১০/০৬/২০২৪

অধ্যক্ষ

রাজশাহী কলেজ, রাজশাহী

০২৫৮৮৮৫৫৪৭৫

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- উপাধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী;
- বিভাগীয় প্রধান (সকল), রাজশাহী কলেজ, রাজশাহী (শিক্ষার্থীদের অবহিত করণের অনুরোধসহ);
- আহ্বায়ক, প্রকাশনা কমিটি, রাজশাহী কলেজ, রাজশাহী;
- আহ্বায়ক, সাহিত্য ও সাংস্কৃতিক কমিটি, রাজশাহী কলেজ, রাজশাহী;
- প্রধান সহকারী, রাজশাহী কলেজ, রাজশাহী;
- সংরক্ষণ নথি।